

নজরুল ইসলামের প্রয়াণ দিবসে রানাঘাট কলেজ ও নজরুল চর্চা কেন্দ্র, বারাসাত এর উদ্যোগে ২৯ আগস্ট কলেজের সেমিনার হলে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে বক্তব্য রাখতে পেরে খুব ভাল লাগল। উক্ত অনুষ্ঠানে উপস্থিত সমস্ত গুণীজনের জন্য রইল আমার অকুণ্ঠ শুভেচ্ছা।

১ সেপ্টেম্বর, ২০২২ □ নদিয়ার বাংলা পত্রিকা

রানাঘাটে নজরুল স্মরণ

সনাতন সেন বাঞ্ছা বিশ্বক আজকের পৃথিবীতে কাজী নজরুল ইসলামের বাণী ও আদর্শ

কবির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য প্রদান করে কবিকে সম্মান জানান। সমস্ত শ্রোতা ও

সকলকে অভ্যর্থনা জানান। অনুষ্ঠানে কাজী নজরুল ইসলামের খান ইব্রাহিম খানকে



অন্যতম পাথেয় হতে পারে পৃথিবীকে শান্ত করার'। বিদ্রোহী কবি, সাম্যের কবি, কাজী নজরুল ইসলামের প্রয়াণ দিবসের স্মরণ অনুষ্ঠানে একথা বলেন নজরুল চর্চা কেন্দ্রের সভাপতি তথা হিঙ্গলগঞ্জ কলেজের অধ্যক্ষ ও নজরুল গবেষক শেখ কামাল উদ্দীন। রানাঘাট কলেজ ও নজরুল চর্চা কেন্দ্রের যৌথ উদ্যোগে কাজী নজরুল ইসলামের ৪৬ তম প্রয়াণ বার্ষিকী অনুষ্ঠান অনুষ্ঠিত হলো ২৯ আগস্ট রানাঘাট কলেজের বিদ্যাসাগর কক্ষে। স্বাগত বক্তব্য প্রদান করেন শাহজাহান মন্ডল। ২৯ আগস্ট এই অনুষ্ঠানে নজরুলের প্রতিকৃতিতে মাল্যদান করেন রানাঘাট কলেজ পরিচালন সমিতির সভাপতি ডঃ জ্যোতিপ্রকাশ ঘোষ ও অধ্যক্ষ ডঃ অরুণ কুমার মাইতি। অনুষ্ঠানে উপস্থিত সকলেই

বক্তাদের স্বাগত জানান শাহজাহান মন্ডল।

নজরুল জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান ডঃ সোমা ভদ্র রায়, পানিহাটি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ডঃ মুক্তি গাঙ্গুলী, বি. আর. আশ্বেদকর পি. টি. টি. আই কলেজের অধ্যক্ষ ডঃ অপূর্ব কুমার বিশ্বাস, রবীন্দ্রনাথ তরফদার প্রমুখ। প্রত্যেকেই কাজী নজরুল ইসলামের রচনায় যেভাবে কুলি-মজুর, মৎস্যজীবী, শ্রমজীবী, খেটে খাওয়া মানুষের কথা এসেছে সেগুলো নিয়ে আলোচনা করেন।

এই অনুষ্ঠানের যুগ্ম আহ্বায়ক নজরুল চর্চা কেন্দ্রের সদস্য লুৎফর রহমান এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সমূহের সহকারী নিয়ামক ডঃ সুকান্ত মজুমদার

লেখা একটি চিঠি নিয়ে আলোচনা করেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডঃ পীযুষ পোদ্দার। এছাড়া গানে, কবিতায় কাজী নজরুল ইসলামের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ফাহুদা মিত্র, দেবযানী চট্টোপাধ্যায়, শিখা দে, শ্যামলী লাহিড়ী, রুমা চক্রবর্তী বাগচী, মিলি ভট্টাচার্য, ডঃ সীমা রায়, লুৎফর রহমান, সুমনা দত্ত দাস, মিঠু চক্রবর্তী, মিঠু মজুমদার, দুর্গা বেরা প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত শ্রোতা ও দর্শকদের ধন্যবাদ জ্ঞাপন করেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সমূহের নিয়ামক সুকান্ত মজুমদার। সমগ্র অনুষ্ঠানটি সুচারুভাবে সঞ্চালনা করেন শেখ কামাল উদ্দীন। ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ছিল চোখে পড়ার মত।